# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫৯৯

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (كتاب النوافل)

পরিচ্ছেদঃ ৮) ক্বিয়ামুল্লাইল করার নিয়তে পবিত্রাবস্থায় নিদ্রা যাওয়ার প্রতি উৎসাহ দান

الترغيب في أن ينام الإنسان طاهرا ناويا للقيام

আরবী

(حسن لغيره) وَعَنْ ابن عباس رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال طَهِّرُوا هَذِهِ الأَجْسَادَ طَهَّرَكُمُ اللَّهُ , فَإِنَّهُ لَيْسَ عَبْدٌ يَبِيتُ طَاهِرًا إِلا بَاتَ معه فِي شِعَارِهِ مَلَكٌ لا يَنْقَلِبُ سَاعَةً مِنَ اللَّيْلِ إِلا قَالَ: اللَّهُمَّ اغْفِرْ لِعَبْدِكَ فَإِنَّهُ بَاتَ طَاهِرًا.رواه الطبراني في الأوسط بإسناد جيد

বাংলা

৫৯৯. (হাসান লি গাইরিহী) ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ “তোমাদের শরীরগুলো পাক-সাফ কর, আল্লাহ তোমাদেরকে পবিত্র করবেন। কেননা বান্দা যখন পবিত্রাবস্থায় রাত্রি যাপন করে, তখন তার সাথে শরীরের বস্ত্র ইত্যাদিতে একজন ফেরেশতা রাত্রি যাপন করেন। যখনই রাতের একটি প্রহর শেষ হয়, তখনই সে ফেরেশতা দু’আ করে, হে আল্লাহ! তোমার এ বান্দাকে ক্ষমা কর। কেননা সে পবিত্রাবস্থায় রাত যাপন করছে।”

(হাদীছটি ত্বাবরানী স্বীয় [আওসাত] গ্রন্থে উত্তম সনদে বর্ণনা করেন, সিলসিলা সহীহা ২৫৩৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88470

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন